গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(তথ্য ও অভিযোগ শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১৭.০৫.০১৯.২২.৯২

তারিখঃ ০২ ভাদ্র ১৪২৯
১৭ আগস্ট ২০২২

বিষয় : তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিষয়ক বিভাগীয় কমিটির সভার কার্যপত্র প্রস্তুতের লক্ষ্যে তথ্য প্রেরণ

সূত্র : মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ০৫.৪৩.০০০০.০১২.০২.০০১.২২.৭৫২, তারিখ-১০ আগস্ট ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চাহিদা মোতাবেক তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক প্রেরণ করা হলো।

| জেলা/উপজেলার নাম | তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ ও পরিবীক্ষণ কমিটির সভার সংখ্যা (মে/২২-জুন/২২ পর্যন্ত) | আরটিআই অনলাইন প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তার সংখ্যা (মে/২২-জুন/২২ পর্যন্ত) | শুরু থেকে জুন/২২ পর্যন্ত মাস পর্যন্ত আরটিআই অনলাইন প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তার ক্রমযোজিত সংখ্যা | তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা ও নিষ্পত্তির সংখ্যা (মে/২২-জুন/২২ পর্যন্ত) | | তথ্য প্রদানকারী ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা আছে কি,না। |
|---|---|---|---|---|---|---|
| | | | | আবেদনের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| পাবনা জেলা (উপজেলা ব্যতীত) | ১ | ৫ | ৪১৩ | ২ | ২ | হ্যাঁ |
| পাবনা সদর উপজেলা | ১ | ০ | ২৬ | ০ | ০ | হ্যাঁ |
| ঈশ্বরদী উপজেলা | ১ | ০ | ২৭ | ০ | ০ | হ্যাঁ |
| আটঘরিয়া উপজেলা | ০ | ০ | ২৩ | ০ | ০ | হ্যাঁ |
| চাটমোহর উপজেলা | ১ | ০ | ২৬ | ০ | ০ | হ্যাঁ |
| ভাঙ্গুড়া উপজেলা | ০ | ০ | ০ | ০ | ০ | হ্যাঁ |
| ফরিদপুর উপজেলা | ০ | ০ | ০ | ০ | ০ | হ্যাঁ |
| বেড়া উপজেলা | ২ | ০ | ২৪ | ৯ | ৯ | হ্যাঁ |
| সাঁথিয়া উপজেলা | ১ | ২৫ | ১০০ | ০ | ০ | হ্যাঁ |
| সুজানগর উপজেলা | ১ | ১১ | ৫৮ | ২ | ২ | হ্যাঁ |
| মোট= | ৮ | ৪১ | ৬৯৭ | ১৩ | ১৩ | |

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(বিশ্বাস রাসেল হোসেন)
জেলা প্রশাসক
পাবনা
ফোন: ০৭৩১-৬৫৪৯৯
e-mail: dcpabna@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ
রাজশাহী

[দৃষ্টি আকর্ষণ : বিভাগীয় কমিশনারের একান্ত সচিব]

তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির
আগস্ট ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : বিশ্বাস রাসেল হোসেন, জেলা প্রশাসক, পাবনা
সভার স্থান : জেলা প্রশাসক , পাবনা এর সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময়: ৩০/০৮/২০২২ রোজ : মঙ্গলবার, বেলা ১০:৩০ ঘটিকা

শুরুতে সভাপতি আগস্ট ২০২২ মাসের তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা আলোচ্যসূচী উপস্থাপন করেন ও আলোচনার জন্য সকলকে আহবান জানান।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | জেলা এবং উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরন বিষয়ে আলোচনা হয়। | জেলা এবং উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরে ওয়েবপোর্টাল শতভাগ হালনাগাদ রাখতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| ০২। | জেলা ও উপজেলা পর্যায়ের সরকারী, বেসরকারী দপ্তরের সকল কর্মকর্তাকে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে অন-লাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এখনও যারা অন-লাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদেরকে অনতিবিলম্বে অন-লাইন প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আহ্বান জানানো হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্তে জেলা ও উপজেলা পর্যায়ে যারা এখনও অন-লাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তারা অনতিবিলম্বে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করে প্রশিক্ষণের সনদ অত্রাফিসের তথ্য ও অভিযোগ শাখায় প্রেরণ করবেন। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা, জেলা তথ্য অফিসার, পাবনা |
| ০৩। | তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদান প্রক্রিয়া জোরদারকরণ, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা/উপজেলা কমিটির কার্যপরিধি বাস্তবায়ন ও যথানিয়মে সভা করে এর কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদান প্রক্রিয়া জোরদারকরণ, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটির কার্যপরিধি বাস্তবায়নে নিয়মিত সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা |
| ০৪। | তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা/উপজেলায় তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা |
| ০৫ | জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | জেলা/উপজেলায় সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১।০৮।২০২২

( বিশ্বাস রাসেল হোসেন )
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(তথ্য ও অভিযোগ শাখা)
www.pabna.govbd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১৭.০৫.০৩০.২২.১০৫

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৯
০৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রিট), পাবনা
৪) ..................................তথ্য অধিকার আইন ২০০৯ এর জেলা কমিটির সদস্যবৃন্দ
৫) উপজেলা নির্বাহী অফিসার, ......................... (সকল), পাবনা

০৭/০৯/২০২২

জেলা প্রশাসক
পাবনা

জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা'র তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনার ১.৫ সূচকের 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ' সভার কার্যবিবরণীঃ

সভাপতি : বিশ্বাস রাসেল হোসেন, জেলা প্রশাসক, পাবনা
সভার স্থান : জেলা প্রশাসক, পাবনা এর সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ৩০/০৮/২০২২ রোজ : মঙ্গলবার, দুপুর ১২.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতি বলেন, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৮ অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য কোন নাগরিক সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করলে কর্তৃপক্ষ তাকে তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবেন। তিনি নির্ধারিত সময়ের মধ্যে বিধি অনুযায়ী চাহিদা মোতাবেক তথ্য সরবরাহের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা আলোচ্য সূচী উপস্থাপন করেন ও তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্য প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিশেষ করে এই আইনের ধারা ৭ এ বর্ণিত কতিপয় উপধারায় তথ্য প্রকাশ বা প্রদানে নিষেধাজ্ঞা রয়েছে তার বিশদ ব্যাখ্যা করেন। অতঃপর উপস্থিত সকলকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ জানান দেশের জনগণ ইতোমধ্যেই তথ্য অধিকার আইন, ২০০৯ এর সুফল পেতে শুরু করেছেন। যে কোন সাধারণ মানুষ এখন কোন দপ্তরে গিয়ে জরুরী প্রয়োজনে তথ্য পেতে আর ভোগান্তির শিকার হয় না। জনসাধারণকে আরও সচেতন করার জন্য বিভিন্নভাবে প্রচার-প্রচারণাসহ সভা সেমিনারের সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলেই একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক বিস্তারিত আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন ও সমন্বয় এবং উপজেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভায় তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ আলোচনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানাতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা |
| ০২ | তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জেলা পর্যায়ে সকল তথ্য প্রদানকারী ইউনিটসমূহ তথ্য প্রদানের আবেদন প্রাপ্তির পর তথ্য অধিকার আইনের ধারা ৭ এ বর্ণিত উপধারাসমূহ যাচাই করে তথ্য প্রদান করবেন। | ১। তথ্য প্রদানকারী ইউনিটসমূহের সকল দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
| ০৩ | নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নথিতে উপস্থাপন করতে হবে। একক অফিসের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবস ও একাধিক অফিসের ক্ষেত্রে ৪০ (চল্লিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), পাবনা<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য ও অভিযোগ শাখা, পাবনা |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/০৮/২০২২

( বিশ্বাস রাসেল হোসেন )
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ জেলা কমিটি, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(তথ্য ও অভিযোগ শাখা)
www.pabna.govbd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১৭.০৫.০৩০.২২.১০৬

তারিখঃ ২৩ ~~১৫~~ ভাদ্র ১৪২৯
~~৩০ অক্টোবর~~ ২০২২
০৭ সেপ্টেম্বর

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), পাবনা
৪) ..................................তথ্য অধিকার আইন ২০০৯ এর জেলা কমিটির সদস্যবৃন্দ
৫) উপজেলা নির্বাহী অফিসার, ....................... (সকল), পাবনা

জেলা প্রশাসক
পাবনা

জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনার ২০২২-২০২৩ অর্থবছরের ২.৩ সূচকের 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা'র কার্যবিবরণী:

সভাপতি : বিশ্বাস রাসেল হোসেন, জেলা প্রশাসক, পাবনা
সভার স্থান : জেলা প্রশাসক, পাবনা এর সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময়: ৩০/০৮/২০২২ রোজ : মঙ্গলবার, বেলা ১:০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা আলোচ্য সূচি উপস্থাপন করেন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থপনা সংক্রান্ত বিষয়ে সভায় উপস্থাপন করেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সংক্রান্ত সফটওয়্যার এর ব্যবহার সুশাসন প্রতিষ্ঠায় কতটা ভূমিকা রাখছে এ বিষয়ে উপস্থিত সদস্যগণের কাছে জানতে চাওয়া হয় এবং GRS সফটওয়্যার এর ব্যবহার সম্পর্কে জনসাধারণকে আরও কিভাবে সচেতন করা যায় সে বিষয়েও সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ করা হয়। সদস্যগণ কর্তৃক সভা সেমিনারসহ বিভিন্নভাবে প্রচার-প্রচারণার পরামর্শ দেওয়া হয়। GRS সফটওয়্যার এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুততম সময়ে নিষ্পত্তি করা দরকার মর্মে সকলে ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১। | আওতাধীন দপ্তরের অভিযোগ নিষ্পত্তির তথ্য নিয়মিত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ভারপ্রাপ্ত কর্মকর্তা তথ্য ও অভিযোগ শাখা, পাবনা |
| ০২। | GRS সংক্রান্ত সফটওয়্যার ব্যবহার সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য সভা সেমিনার এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে প্রচার কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা তথ্য অফিসার, পাবনা |
| ০৩। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত সফটওয়্যারে প্রাপ্ত অভিযোগসহ অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ভারপ্রাপ্ত কর্মকর্তা তথ্য ও অভিযোগ শাখা, পাবনা পাবনা |
| ০৪। | উঠান বৈঠকে GRS বিষয়ে বিস্তারিত আলোচনা করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা |
| ০৫। | অভিযোগ প্রতিকার ব্যস্থাপনা সম্পর্কে অংশীজনদের সমন্বয়ে নিয়মিত অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ ভারপ্রাপ্ত কর্মকর্তা তথ্য ও অভিযোগ শাখা, পাবনা |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে মূল্যবান পরামর্শ, গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন ও আলোচনায় অংশগ্রহনের জন্য ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৮/২০২২

( বিশ্বাস রাসেল হোসেন )
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(তথ্য ও অভিযোগ শাখা)
www.pabna.govbd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১৭.০৫.০৩০.২২.১০৭

তারিখঃ ২৬ ~~১৫~~ ভাদ্র ১৪২৯
~~৩০ অক্টোবর~~ ২০২২
০৭ সেপ্টেম্বর

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), পাবনা
৪) ................................তথ্য অধিকার আইন ২০০৯ এর জেলা কমিটির সদস্যবৃন্দ
৫) উপজেলা নির্বাহী অফিসার, ...................... (সকল), পাবনা

০৭/০৯/২০২২

জেলা প্রশাসক
পাবনা